বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

...

সভাপতি	মোঃ তৌফিকুর রহমান তপু ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২০ জানুয়ারি ২০২২
সভার সময়	১০.০০ ঘটিকা
স্থান	ভার্চ্যুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

সভাপতি জানুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৬২তম মাসিক সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। তিনি কোম্পানি সচিব/মহাব্যবস্থাপক পদের চলতি দায়িত্বে সম্প্রতি যোগদানকারী জনাব মোঃ হাবীবুর রহমান এবং মহাব্যবস্থাপক (প্রশাসন) পদের চলতি দায়িত্বে যোগদানকারী জনাব মোঃ মাহমুদুন নবীকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানান। পাশাপাশি উপ-মহাব্যবস্থাপক পদে পদোন্নতিপ্রাপ্ত ৬জন কর্মকর্তাকেও সভায় শুভেচ্ছা এবং স্বাগত জানান। পদোন্নতিপ্রাপ্ত উচ্চতর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের নিষ্ঠা এবং আন্তরিক কর্মপ্রচেষ্টার মাধ্যমে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখবেন মর্মে ব্যবস্থাপনা পরিচালক সভায় আশাবাদ ব্যক্ত করেন।

আলোচনা:

সভায় ২৩-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৬১তম ভার্চ্যুয়াল সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০।	অপারেশন ডিভিশন:		
২.১।	উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমির উপর নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। তাছাড়া, বিরাসার হতে গোকর্ণ ঘাট ও ভাদুঘর হতে সিমরাইলকান্দি এলাকায় কোম্পানির ভূমি চিহ্নিত করে স্থায়ী খুঁটি বসানোর ব্যবস্থা করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ), উপ-মহাব্যবস্থাপক (বাখরাবাদ) এবং উপ-মহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, ফিল্ড সংলগ্ন লোকালয়ে অবস্থিত কোম্পানির ভূমিসমূহ সীমানা খুঁটি দ্বারা চিহ্নিত করা আছে। তবে, বাজার এলাকা এবং ঘনবসতিপূর্ণ এলাকায় অস্থায়ী স্থাপনা তৈরির প্রবণতা দেখা যায়। ফিল্ড ইনচার্জগণ এ বিষয়ে সচেতন ও তৎপর আছেন মর্মে সভাকে অবহিত করা হয়।	কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা করতে হবে এবং ভবিষ্যতে কোম্পানির জায়গায় স্থাপনা নির্মাণের কার্যক্রম পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ পদক্ষেপ গ্রহণ করতে হবে। হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ও মেঘনা ফিল্ডসমূহের লোকালয় সংলগ্ন ভূমিসমূহও দখলমুক্ত রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (নিরাপত্তা)/সকল ফিল্ড ইনচার্জ

২.২।	সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডের জন্য সিসিটিভি সংগ্রহের নিমিত্ত অধিযাচন (এমআর) উত্থাপন করা হয়েছে। যথাশীঘ্র ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে। উপ-মহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, বাখরাবাদ লোকেশন-বি এবং সি তে ৪টি সিসিটিভি ইতিমধ্যে স্থাপন করা হয়েছে। বাখরাবাদ লোকেশন-এ, হবিগঞ্জ এবং নরসিংদী ফিল্ডের জন্য সিসিটিভি সংগ্রহের নিমিত্ত মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে মর্মে ফিল্ড ইনচার্জগণ সভাকে অবহিত করেন।	প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডের জন্য প্রস্তাবিত সিসিটিভিসমূহের ক্রয় কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে। হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের সিসিটিভি সংযোজন কাজ বাজেট অনুমোদন সাপেক্ষে ক্রমান্বয়ে সম্পাদন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ
২.৩।	সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডের আরও কিছু কূপের সংক্ষিপ্ত পরিচিতি বোর্ড Amcon fibreglass এ দৃষ্টিনন্দনভাবে তৈরি করে সাঁটানো হয়েছে এবং পর্যায়ক্রমে সকল কূপের সংক্ষিপ্ত পরিচিতি বোর্ড স্থাপন করা হচ্ছে। হবিগঞ্জ ও বাখরাবাদ ফিল্ডের কিছু কূপের সংক্ষিপ্ত পরিচিতি বোর্ড দৃষ্টিনন্দনভাবে তৈরি করে সাঁটানো হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য কূপসমূহের সংক্ষিপ্ত পরিচিতি বোর্ড স্থাপন করা হবে।	কোম্পানির সকল ফিল্ডের ওয়েলহেড কূপসমূহের পাশে দৃষ্টিনন্দনভাবে সংশ্লিষ্ট কূপটির সংক্ষিপ্ত পরিচিতি বোর্ড স্থাপন করা যেতে পারে।	মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সকল ফিল্ড ইনচার্জ
৩.০।	পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :		
৩.১।	মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের মূল্যায়ন কাজ চলমান আছে। বাখরাবাদ এবং মেঘনা ফিল্ডে ETP স্থাপনের লক্ষ্যে মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে মর্মে ফিল্ড ইনচার্জগণ সভাকে অবহিত করেন।	তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/ (পিডি) এবং উপ-মহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস)/ সকল ফিল্ড ইনচার্জ
৩.২।	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত প্রচেষ্টা অব্যাহত আছে। প্রকল্পের left-over বিভিন্ন পাইপসমূহ বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত অধিকতর প্রচেষ্টা চালাতে হবে।	সকল মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক

৩.৩।	প্রসঙ্গক্রমে উপ-মহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বাখরাবাদ ফিল্ডে ডিপ-অয়েল খনন কার্যক্রম শুরুর ক্ষেত্রে বাখরাবাদ লোকেশন-বি তে স্টোর নির্মাণের প্রয়োজন হবে। এক্ষেত্রে, উক্ত স্টোর নির্মাণের বিষয়টি প্রকল্পের ডিপিপি-তে সংযোজন করা যেতে পারে বলে তিনি মতামত ব্যক্ত করেন। সভায় প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি নিয়ে আলোচনা হয়। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের নানাবিধ জটিলতার জন্য অনেক সময় প্রকল্প বাস্তবায়নে কালক্ষেপণ হয়। ফলে, ভূমি অধিগ্রহণের বিষয়টি প্রকল্পের সাথে সম্পৃক্ত না রেখে এ জন্য পৃথক প্রকল্প গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়।	বাখরাবাদ ফিল্ডে ডিপ-অয়েল খনন প্রকল্পের ডিপিপি-তে স্টোর নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত রাখা যেতে পারে। প্রকল্প কার্যক্রমে ভূমি অধিগ্রহণের বিষয় থাকলে তা প্রকল্পের সাথে সম্পৃক্ত না রেখে এ জন্য পৃথক প্রকল্প গ্রহণ করা যেতে পারে।	সকল মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
৪.০।	রক্ষণাবেক্ষণ ডিভিশন :		
৪.১।	সভাকে অবহিত করা হয় যে, স্টোরস এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারের আপগ্রেডেশন সম্পন্ন হয়েছে এবং সফটওয়্যারটির মাধ্যমে স্টক ম্যানেজমেন্ট কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।	স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে কোম্পানির সকল মালামালের স্টক এন্ড ইনভেন্টরি রেকর্ড কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ উপ-মহাব্যবস্থাপক (এসটিআইসি)
৪.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য ১০০ জিবি পরিমাণের ওয়েব ক্লাউড সংগ্রহ করা হচ্ছে যার মাধ্যমে কোম্পানির ২/৩টি বড় আকারের সফটওয়্যারের অনলাইন অপারেটিং পরিচালনা করা যাবে। তবে, ওয়েব ক্লাউডে বিভিন্ন ডিভিশন/বিভাগের ডাটা স্টোরেজের প্রয়োজনীয়তা আছে কি না তা অফিস স্মারকের মাধ্যমে জানা যেতে পারে এবং তদনুযায়ী বিভিন্ন ডিভিশন/বিভাগের জন্য পৃথকভাবে অল্প-হারের ওয়েব ক্লাউড স্পেস ভাড়া নেয়া যেতে পারে।	কোম্পানির জন্য ওয়েব ক্লাউড সংগ্রহ কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করতে হবে। বিভিন্ন ডিভিশন/বিভাগের ডাটা স্টোরেজের প্রয়োজনীয়তা আছে কি না, তা অফিস স্মারকের মাধ্যমে জেনে তদনুযায়ী বিভিন্ন ডিভিশন/বিভাগের জন্য পৃথকভাবে অল্প-হারের ওয়েব ক্লাউড স্পেস ভাড়া নেয়া যেতে পারে। ওয়েব ক্লাউড সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ
৫.০।	টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:		

৫.১।	উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কোম্পানির বিভিন্ন স্থাপনায় পুরনো/ভাঙ্গা/ জংধরা টিন, ছেড়া-ফাড়া তার, ঘুণে ধরা কাঠ ইত্যাদি ধরণের অনেক মালামালের বান্ডিল রয়েছে। মূল্যহীন এসব আবর্জনার লট একদিকে যেমন পরিষ্কার-পরিচ্ছন্নতার পরিপন্থী অপরদিকে প্রয়োজনীয় জায়গা দখল করে আছে। এসব মালামালসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কোম্পানির বিভিন্ন স্থাপনায় থাকা পুরনো/ভাঙ্গা/জংধরা টিন, ছেড়া-ফাড়া তার, ঘুণে ধরা কাঠ ইত্যাদি ধরণের মালামালের অবস্থা এবং অপসারনের বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ
৬.০।	প্রশাসন ডিভিশন:		
৬.১।	সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সফটওয়্যারের মেন্যুবারে সন্নিবেশিতব্য ডাটাবেজ ছক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হচ্ছে।	সার্ভিস রেকর্ড সফটওয়্যারের মেন্যুবারে সন্নিবেশিতব্য ডাটাবেজ ছক মহাব্যবস্থাপকগণের সভায় চূড়ান্ত করে কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সফটওয়্যারের কার্যক্রম চালু করতে হবে। সার্ভিস রেকর্ড সফটওয়্যারের সাথে ওয়েলফেয়ার বিভাগের মেডিক্যাল রেকর্ড সফটওয়্যারটি লিংক করার ব্যবস্থা করা যেতে পারে।	সকল মহাব্যবস্থাপক
৬.২।	সভাকে অবহিত করা হয় যে, অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণের হার সন্তোষজনক। এ বিষয়ে সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণ তৎপর ও সচেষ্ট আছেন। বায়োমেট্রিক্স এটেনডেন্স সিস্টেম স্থাপনের নিমিত্ত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে।	অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণের বিষয়ে ডিভিশনাল এবং বিভাগীয় প্রধানগণকে তৎপর ও সচেষ্ট থাকতে হবে।	সকল মহাব্যবস্থাপক
৬.৩।	মেডিক্যাল বিভাগ : সভায় চিকিৎসা ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়।	কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/ ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার, কোম্পানির সকল মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি

৬.৪।	মানবসম্পদ বিভাগ: মহাব্যবস্থাপক (অপারেশন) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কোম্পানির লোকবল সংকট এতটাই প্রকট হয়েছে যে তা এখন কোম্পানির একটি অপারেশনাল চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ফলে, নিয়োগ কার্যক্রমকে বিশেষ গুরুত্ব দিয়ে তরান্বিত করা প্রয়োজন মর্মে তিনি সভায় অভিমত প্রকাশ করেন। আলোচনাক্রমে মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) তাঁর ডিভিশনের জনবল সংকটের বিষয়টি উল্লেখ করে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পাদনের অতীব প্রয়োজনীয়তার কথা পুনর্ব্যাক্ত করেন। সভা অবহিত হয় যে, কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষাসমূহের ফলাফল বুয়েট/আইবিএ থেকে ইতিমধ্যে পাওয়া গেছে এবং ভাইভা গ্রহণের প্রস্তুতি চলছে। কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদন গ্রহণের সময় ১৫ ডিসেম্বর তারিখে শেষ হয়েছে।	কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে এবং অতি দ্রুত সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
৭.০।	আর্থিক ও হিসাব কার্যক্রম :		
৭.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় সরকারি সিদ্ধান্ত ও পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সকলকে আরও সচেষ্ট হওয়া প্রয়োজন।	সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় নিয়ন্ত্রণ ও পরিচালনে সরকারি সিদ্ধান্ত/ পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৮.০।	কোম্পানি সচিবালয় :		
৮.১।	ই-নথি সংক্রান্ত ফোকাল পয়েন্ট উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) সভাকে অবহিত করেন যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথির (ডি-নথি) উপর কোম্পানির কর্মকর্তাদের অংশগ্রহণে ইতিমধ্যে কয়েকটি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সরকারের ডি-নথি বাস্তবায়ন কমিটি কর্তৃক ফেব্রুয়ারি ২০২২ মাসের শেষের দিকে বিজিএফসিএল-এর জন্য ডি-নথি চালু করা হবে বলে আশা করা যাচ্ছে।	ই-নথির আপগ্রেডেড ভার্সন ডিজিটাল নথির উপর প্রশিক্ষণ এবং বিজিএফসিএল-কে একসেবা কার্যক্রমের সাথে সম্পৃক্তকরণের বিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক
৯.০।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:		
৯.১।	সভাকে অবহিত করা হয় যে, APA এর আওতাধীন কৌশলগত বিষয়সমূহ যথা: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির বাস্তবায়ন সংক্রান্ত সরকারের যাচিত তথ্য/উপাত্ত/প্রতিবেদন যথাসময়ে ও যথাযথভাবে উপস্থাপন করা হচ্ছে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক

কোম্পানির কার্যক্রম সংক্রান্ত আলোচনা শেষে কোম্পানি সচিব/মহাব্যবস্থাপক-চলতি দায়িত্ব জনাব মোঃ হাবীবুর রহমান এবং মহাব্যবস্থাপক (প্রশাসন)-চলতি দায়িত্ব জনাব মোঃ মাহমুদুন নবী নিজ নিজ বক্তব্যে কোম্পানির কাজে আত্মনিবেদিত

থাকার প্রত্যয় ব্যক্ত করে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। পরবর্তী পর্যায়ে কোম্পানির উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ) জনাব মোঃ লুৎফর রহমান ১৮-০২-২০২২ তারিখ অবসর-উত্তর ছুটিতে যাবেন মর্মে সভা অবহিত হয়। এ পরিপ্রেক্ষিতে, কোম্পানির মহাব্যবস্থাপকগণসহ উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে কর্মজীবনে তাঁর একাগ্রতা ও আন্তরিকতার বিষয়টি স্মরণ করেন এবং দীর্ঘদিনের একসাথে পথচলায় সংঘটিত ভুল-ভ্রান্তি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। সভায় উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ) জনাব মোঃ লুৎফর রহমানের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং সুন্দর অবসরোত্তর জীবন কামনা করা হয়।

পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক দেশের করোনা পরিস্থিতিতে সতর্কতার সাথে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেন। কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকুক- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৬ মাঘ, ১৪২৮
২০ জানুয়ারি, ২০২২

মোঃ তৌফিকুর রহমান তপু
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২২.১১

তারিখ: ১৩ মাঘ ১৪২৮
২৭ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
২) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।
৩) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৫) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)